



জেলা পরিষদ

রাজশাহী।

[www.zprajshahi.gov.bd](http://www.zprajshahi.gov.bd)



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০০.৮১০০.০০০.৩৬.০০১.২০২৩-২৮৪

তারিখঃ ১১.০৪.২০২৩ খ্রি।

## এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০২২ সালের এসএসসি/সমমান এবং ২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা, মেধাবী ছাত্র-ছাত্রীদের জেলা পরিষদ, রাজশাহী হতে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

১. আবেদনকারী ছাত্র/ছাত্রী কে অবশ্যই রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০২২ সালের এসএসসি/সমমান অথবা ২০২২ সালের এইচএসসি/সমমান পর্যায়ে জিপিএ ৫.০০ থাকতে হবে।
৩. বীর মুক্তিযোদ্ধাগণের পোষ্য/প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার পোষ্য প্রমাণের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি ও উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের প্রত্যয়ন, প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে উপজেলা/জেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত প্রত্যয়নপত্র এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য জেলা প্রশাসকের কার্যালয় প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
৪. বৃত্তির নির্ধারিত ফরম জেলা পরিষদ, রাজশাহীর ওয়েবসাইট [www.zprajshahi.gov.bd](http://www.zprajshahi.gov.bd) এর মাধ্যমে অনলাইনে পূরণ করতে হবে।
৫. অনলাইনে পূরণকৃত বৃত্তি ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করে স্বাক্ষরকৃত বৃত্তি ফরমসহ নিম্নোক্ত কাগজ-পত্রাদি দাখিল করতে হবে।
  - ক) আবেদনকারী ছাত্র/ছাত্রীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র/মার্কশীট (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/শিক্ষার্থী যে প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।
  - খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/শিক্ষার্থী যে প্রতিষ্ঠানে অধ্যয়নরত সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।
  - গ) আবেদনকারী ছাত্র/ছাত্রীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত)।
  - ঘ) আবেদনকারী ছাত্র/ছাত্রীর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
৬. অনলাইনে পূরণকৃত বৃত্তি ফরম (স্বাক্ষরকৃত) ও অন্যান্য কাগজ-পত্রাদি সংযুক্ত করে আগামী ১৬.০৫.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।
৭. আবেদনকারী কোনো ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে বা অসম্পূর্ণ আবেদনপত্র দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৮. কর্তৃপক্ষ উল্লেখিত শর্তসমূহ ছাড়া যে কোনো শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখিত বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী জেলা পরিষদ, রাজশাহী থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

(মুঃ রেজা হাসান)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, রাজশাহী।

ফোন : ০২৫৮৮-৮৫১৩৪৮(অফিস)

ই-মেইল : [zprajshahi@gmail.com](mailto:zprajshahi@gmail.com)